

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৪৬৩

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - আশ্রয় প্রার্থনা করা

### بَابُ الْإِسْتِعَاذَةِ

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ: «اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ  
وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أُنَبِّتُ وَبِكَ خَاصَمْتُ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِعِزَّتِكَ لَا إِلَهَ إِلَّا  
أَنْتَ أَنْ تُضِلَّنِي أَنْتَ الْحَيُّ الَّذِي لَا يَمُوتُ وَالْجِنُّ وَالْإِنْسُ يَمُوتُونَ»

বাংলা

২৪৬৩-[৭] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (দু'আ) বলতেন,

”আল্ল-হুম্মা লাকা আস্লামতু, ওয়াবিকা আ-মানতু, ওয়া 'আলায়কা তাওয়াক্কালতু, ওয়া ইলায়কা আনাবতু, ওয়াবিকা খ-সমতু, আল্ল-হুম্মা ইন্নী আ'উযু বি'ইয্যাতিকা লা- ইলা-হা ইল্লা- আন্তা, আন্ তুযিল্লানী। আন্তাল হাইয়্যুল্লাযী লা- ইয়ামূতু, ওয়াল জিন্নু ওয়াল ইন্সু ইয়ামূতূনা”

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমারই কাছে সমর্পণ করলাম, তোমারই ওপর বিশ্বাস স্থাপন করলাম, তোমারই ওপর ভরসা করলাম এবং তোমারই দিকে নিজেকে ফিরলাম এবং তোমারই সাহায্যে [শত্রুর সাথে] লড়লাম। হে আল্লাহ! আমি পথভ্রষ্টতা হতে তোমার মর্যাদার আশ্রয় গ্রহণ করছি। তুমি ছাড়া সত্য আর কোন মা'বুদ নেই, তুমি চিরঞ্জীব, তুমি মৃত্যুবরণ করবে না, আর মানুষ আর জিন্ মৃত্যুবরণ করবে।)। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৩৮৩, মুসলিম ২৭১৭, আহমাদ ২৭৪৮, সহীহ আল জামি' ১৩০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে আল্লাহ কর্তৃক পথভ্রষ্ট হওয়া থেকে আশ্রয় চাওয়া হয়েছে। এর অর্থ হলো দীনের সরল, সঠিক পথ তথা হিদায়াতের পথ থেকে ও ভ্রষ্ট হওয়া থেকে আশ্রয় চাওয়া হচ্ছে। ইমাম কারী বলেনঃ এ দু‘আর অর্থ হলো “হে আল্লাহ! তুমি আমাকে হিদায়াত দেয়ার পর এবং তোমার বিধি-বিধান ও সিদ্ধান্তসমূহের প্রতি আনুগত্য প্রদর্শনের তাওফীক দেয়ার পর তা থেকে ভ্রষ্ট হওয়া থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি।” এদিকেই ইশারা দেয়া হয়েছে কুরআনে বর্ণিত নিম্নোক্ত দু‘আতে। আল্লাহ বলেনঃ

رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا

“হে আমাদের রব! তুমি আমাদের হিদায়াত দেয়ার পর আমাদের অন্তরকে বক্র করে দিও না।” (সূরা আ-লি ইমরান ৩ : ৮)

“জিন্ ও মানুষ মৃত্যুবরণ করবে”- এ কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে এজন্য যে, এ দু’ জাতিই শারী‘আতের বিধান পালনে দায়িত্বপ্রাপ্ত। অনেকে এর দ্বারা দলীল পেশ করেন যে, মালাক (ফেরেশতা) মারা যাবেন না। তবে এখানে মালায়িকাহর (ফেরেশতাদের) কথা পৃথকভাবে উল্লেখ না করা হলেও আল্লাহর বাণী “আল্লাহ ব্যতীত সবকিছুই ধ্বংসশীল”- (সূরা আল কাসাস ২৮ : ২৮) দ্বারা প্রমাণিত হয় যে, মালায়িকাহ্ও (ফেরেশতাগণও) মারা যাবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57023>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন